তোমারি নাম বলব নানা ছলে,
বলব একা বসে আপন    মনের ছায়াতলে ॥
বলব বিনা ভাষায়,    বলব বিনা আশায়,
বলব মুখের হাসি দিয়ে,    বলব চোখের জলে ॥
বিনা প্রয়োজনের ডাকে    ডাকব তোমার নাম,
সেই ডাকে মোর শুধু শুধুই    পূরবে মনস্কাম ।
শিশু যেমন মাকে    নামের নেশায় ডাকে,
বলতে পারে এই সুখেতেই    মায়ের নাম সে বলে ॥

---

Parjaay: Puja, Taal: Tritaal, Style: Khambaj-Baul
Visit www.geetabitan.com for notation and other detail